**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01-08-24** **Desk in Charge :**

**Time : 7-35A.M** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ কেন্দ্রের নতুন তিন ফৌজদারি আইনে প্রয়োজনীয় সংশোধনের ক্ষমতা রাজ্য সরকারের আছে বলে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন।

# অন্যদিকে, বিজেপির দাবী, রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতেই এই তিন আইন নিয়ে বিধানসভায় প্রস্তাব এনেছে রাজ্য সরকার।

২/ দক্ষিণ পূর্ব রেলের টাটানগর-চক্রধরপুর রেল বিভাগে হাওড়া-মুম্বাই মেলের ১৮ টি বগি লাইনচ্যুত হওয়ার পর তৃতীয় লাইনটি চালু করা হয়েছে।

৩/ রেশন বন্টন দুর্নীতির তদন্তে, জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ট আব্দুল বারিক বিশ্বাস এবং তার ঘনিষ্ঠ কয়েকজনকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে ইডি।

৪/ ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে।

৫/ ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলীকে আজ 'ভারত গৌরব' সম্মান প্রদান করবে ইস্টবেঙ্গল ক্লাব।

**************************************************************

কেন্দ্রের নতুন তিন ফৌজদারি আইনে প্রয়োজনীয় সংশোধনের ক্ষমতা রাজ্য সরকারের আছে। রাজ্যের আবেদন মেনে কেন্দ্রীয় সরকার যদি ঐ তিন আইনে

সংশোধন না করে, তবে রাজ্য সরকার পদক্ষেপ করতে পারে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ইঙ্গিত দিয়েছেন।

আইনবিদ, সমাজ কর্মী এবং সাধারণ নাগরিকদের মতামত নিয়ে কেন্দ্রের তিন নতুন ফৌজদারি আইনে প্রয়োজনীয় সংশোধনের দাবিতে রাজ্য বিধানসভায় সরকারপক্ষের আনা প্রস্তাবের ওপর গতকাল আলোচনার সূচনা হয়। প্রথম দিনের আলোচনায় অংশ নিয়ে চন্দ্রিমা ভট্টাচার্য, তিন নতুন ফৌজদারি আইনকে কালা কানুন আখ্যা দিয়ে বলেন, এই আইন রাজ্যের এক্তিয়ারে কেন্দ্রের হস্তক্ষেপের পথ প্রশস্ত করার একটি প্রচ্ছন্ন মডেল। দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে যা নষ্ট করবে। অর্থমন্ত্রী অভিযোগ করেন; বিরোধীদের সঙ্গে কোনো আলোচনা না করেই ১৪৭ জন সাংসদকে সাসপেন্ড ক'রে গায়ের জোরে কেন্দ্রীয় সরকার এই তিনটি আইন প্রণয়ন করেছে। আইন কমিশনকেও তা পর্যালোচনার জন্য পাঠানো হয়নি। পুরোনো ইন্ডিয়ান পেনাল কোড বা ভারতীয় দণ্ডবিধির অনেক ধারাই হুবহু নতুন আইনে যুক্ত করা হয়েছে। বিরোধী জোটের ছায়া এড়াতে আইন থেকে 'ইন্ডিয়া' শব্দটি মুছে ফেলার জন্যই কেন্দ্রের বিজেপি সরকারের এই উদ্যোগ কিনা, সে প্রশ্ন তোলেন তিনি।
এর আগে প্রস্তাবের উপর আলোচনা সূত্রপাত করে বিজেপির অম্বিকা রায় বলেন, পয়লা জুলাই থেকে দেশে নতুন তিন ফৌজদারি আইন কার্যকর হয়েছে। এর বিরোধিতা করে বিধানসভাতে আগেও একটি প্রস্তাব গ্রহণ করেছে শাসক দল। তারপরও একই বিষয়ে বারবার বিধানসভায় কেন প্রস্তাব পাস করানো হবে, তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন। একই সুরে বিজেপির মুখ্য সচেতক শংকর ঘোষ বলেন, কেন্দ্রীয় সরকারকে ছোট করতে এবং রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতেই বিধানসভায় এই প্রস্তাব আনা হয়েছে।
আগামীকালও বিধানসভায় এই প্রস্তাবের ওপর আলোচনা হবে।

**********************

রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের বিরুদ্ধে সাম্প্রদায়িক মন্তব্যের অভিযোগে বিজেপি পরিষদীয় দলের তাঁকে বয়কটের সিদ্ধান্তকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার প্রথমার্ধের অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে।

প্রশ্নোত্তর পর্বে ফিরহাদ হাকিম একাধিক বার প্রশ্নের উত্তর দিতে ওঠার সঙ্গে সঙ্গে বিজেপি সদস্যরা সভাকক্ষ থেকে বেরিয়ে যান। শাসক দলের বিধায়করা এর প্রতিবাদ জানালে শুরু হয় দু'পক্ষের বাদানুবাদ। বিজেপির মুখ্য সচেতক শংকর ঘোষ, ফিরহাদ হাকিমের কাছে প্রকাশ্য জনসভায় তাঁর সাম্প্রদায়িক মন্তব্য প্রত্যাহারের অনুরোধ জানান। জবাবে ফিরহাদ হাকিম, বিরোধীদের বিরুদ্ধে পাল্টা সাম্প্রদায়িক রাজনীতির অভিযোগ করেন। তিনি বলেন, ধর্মীয় অনুষ্ঠানে পেশ করা বক্তব্যের সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। বিধানসভাতেও এ'নিয়ে আলোচনা হওয়া উচিত নয়। বিজেপি সাম্প্রদায়িক রাজনীতি করছে, রাজ্যের মানুষ এর জবাব দেবে বলেও মন্তব্য করেন তিনি। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, সদস্যদের এমন আচরণ করা উচিত নয়, যাতে বিধানসভার গরিমা নষ্ট হয়।

এদিকে, বিজেপি পরিষদীয় দল, ফিরহাদ হাকিমকে বয়কটের সিদ্ধান্তে অনড় রয়েছে। বিধানসভার বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের মুখ্য সচেতক শংকর ঘোষ জানিয়েছেন, ফিরহাদ হাকিম তার মন্তব্যের জন্য ক্ষমা চেয়ে তা প্রত্যাহার না করা পর্যন্ত পরিষদীয় দল বিধানসভায় তাঁকে বয়কট করবে।

( বাইট- শঙ্কর ঘোষ )

**********************

জল অপচয় রোধে রাজ্য সরকার আইন প্রণয়নের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য বিধানসভায় বিল আনা হবে বলে জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী পুলক রায় আজ বিধানসভায় জানিয়েছেন।
পরে সাংবাদিকদের তিনি বলেন, কেন্দ্রের জল জীবন মিশন রূপায়ণের কাজ সম্পূর্ণ হওয়ার পর এ'ব্যাপারে এগোবে সরকার। তিনি জানান, চলতি অর্থবর্ষে এ'পর্যন্ত ৯০ লক্ষ পরিবারকে পরিশ্রুত পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে।

এক্ষেত্রে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে রয়েছে দ্বিতীয় স্থানে।

**********************

২০২৪-২৫ এর সাধারণ বাজেটে কোনও রাজ্যকে বঞ্চিত করা হয়নি বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে যে দাবি করেছেন, তার প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেস রাজ্যকে কোন্ খাতে কত টাকা দেওয়া হয়েছে তা নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়েছে।

আজ তৃণমূল ভবনে দলের মুখপাত্র, মন্ত্রিসভার সদস্য চন্দ্রিমা ভট্টাচার্য ও দলের নেতা কুনাল ঘোষ এক যৌথ সাংবাদিক বৈঠকে, রাজ্যকে হাজার হাজার কোটি টাকা দেওয়া হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বক্তব্যের প্রেক্ষিতে সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় শ্বেতপত্র প্রকাশের যে দাবি জানিয়েছেন তাকে সমর্থন করেন।

( বাইট- চন্দ্রিমা )

একশো দিনের কাজ প্রকল্পে ২০২১ সালের পর থেকে রাজ্যকে কত টাকা দেওয়া হয়েছে তার হিসাব কেন্দ্র দিতে পারলেন না কেন, সেই প্রশ্নও তুলেছেন তাঁরা। শুধু রাজনৈতিক প্রতিহিংসার কারণে বাংলা বঞ্চিত বলে কুনাল ঘোষ অভিযোগ করেন।

**********************

দক্ষিণ পূর্ব রেলের টাটানগর-চক্রধরপুর রেল বিভাগে হাওড়া- মুম্বাই মেলের ১৮ টি বগি লাইনচ্যুত হওয়ার পর তৃতীয় লাইনটি চালু করা হয়েছে। একটি মালগাড়িকে প্রথম ওই লাইনে চালানো হয়। এরপর ছাড়পত্র দেওয়া হয় হাওড়া-মুম্বাই গীতাঞ্জলী সুপারফাস্ট ট্রেনটিকে। চক্রধরপুর ডিভিশনের জেনারেল ম্যানেজার অনিল কুমার মিশ্র জানিয়েছেন, যুদ্ধকালীন তৎপরতায় আপ ও ডাউন লাইনের পরিস্থিতি স্বাভাবিক করে তোলার চেষ্টা চলছে।

আজ আদ্রা ডিভিশনের ১১ টি ট্রেন বাতিল থাকবে বলে খবর। এর মধ্যে রয়েছে, চক্রধরপুর-গোমো এক্সপ্রেস, ঝাড়গ্রাম-পুরুলিয়া মেমু, হাতিয়া-টাটা, বরকাখানা-আদ্রার মত গুরুত্বপূর্ণ ট্রেন।

**********************

পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ওয়ায়নাড়ে ভূমিধ্বস বিপর্যয়ে ত্রাণকার্যের জন্য তাঁর এক মাসের বেতন দান করেছেন। বিপর্যস্ত এলাকা ঘুরে দেখেছেন তিনি। হাসপাতাল, মর্গ ও ত্রাণশিবিরে গিয়ে কথা বলেছেন ক্ষতিগ্রস্তদের সঙ্গে। পরিস্থিতি সম্পর্কে খোঁজ নিয়েছেন NDRF, সেনা ও অন্যান্য উদ্ধারকারী সংস্থার কাছে। তাঁর কাছে বিভিন্ন বিষয়ে পরামর্শ চেয়েছে তারা। ডক্টর বোস বলেছেন, কেরালার এই বিপর্যয়ে বাংলার মানুষ তাঁদের পাশে আছে।

(বাইট- আনন্দ বোস )

***********************

রাজ্য সরকারের সচিব স্তরে, বড়সর রদবদল হয়েছে।

বিনোদ কুমার নতুন শিক্ষা সচিব নিযুক্ত হয়েছেন। তিনি পুর ও নগরোন্নয়ন দপ্তরের দায়িত্বে ছিলেন। এখনকার শিক্ষা সচিব মনীষ জৈন, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রধান সচিব নিযুক্ত হয়েছেন।

পুর ও নগোরোন্নয়ন সচিব পদে এসেছেন গুলাম আলি আনসারি। তাঁর জায়গায় সংখ্যালঘু বিষয়ক, মাদ্রাসা শিক্ষা দপ্তরের দায়িত্ব পেলেন পি বি সেলিম।

GTA-র নতুন প্রধান সচিব হয়েছেন বিজয় ভারতী। এই পদে আসীন সৌম্য পুরকাইতকে পাঠানো হয়েছে স্টেট গেজেটিয়ার্সের দায়িত্বে।

কারিগরি শিক্ষা দপ্তরের সিনিয়ার স্পেশাল সেক্রেটারি হলেন, জয়শী দাসগুপ্ত।

***********************

রেশন বন্টন দুর্নীতির তদন্তে ইডি, রাজ্যের প্রাক্তন মন্ত্রী, জেলবন্দী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ট আব্দুল বারিক বিশ্বাসকে আগামীকাল জিজ্ঞাসাবাদের জন্য সিজিও কমপ্লেক্সে তলব করেছে।

মঙ্গলবার ভোর থেকে দেগঙ্গা, বারাসাত, বসিরহাট, রাজারহাট, ভাঙ্গড় এলাকায় ইডি আধিকারিকরা ২১ ঘন্টার বেশি তল্লাশী চালান। এর মধ্যে ছিল আবদুল বারিকের বাড়ি, রাজারহাটের দুটি ফ্ল্যাট,চালকল, তার কয়েকজন ঘনিষ্ঠর বাড়ি, চালকল, আটাকল ইত্যাদি। আব্দুল বারিকের রাজারহাটের ফ্ল্যাট থেকে ২০ লক্ষ টাকা ও গুরুত্বপূর্ণ নথিপত্র উদ্ধার হয়েছে।

দেগঙ্গায় আবদুল বারিকের ঘনিষ্ট আলিফ নুরের বাড়ি এবং চালকলেও তল্লাশি চালানো হয়।
আজ তাকে এবং দেগঙ্গা পঞ্চায়েত সমিতির সহ সভাপতি, জেলবন্দী বাকিবুর রহমানের ভাইপো আনিসুর রহমানকে সিজিও কমপ্লেক্সে তলব করেছে ইডি।

**********************

ওড়িশার মতো এরাজ্যেও টোলের জন্য মান্থলি পাস চালু করতে বেসরকারি বাস মালিক সংগঠন ‘অল বেঙ্গল বাস-মিনিবাস সমন্বয় কমিটি’, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।
সংগঠনের সাধারণ সম্পাদক রাহুল চ্যাটার্জি জানিয়েছেন, ওড়িশার মতোই প্রতি টোলে মাসিক এক হাজার টাকা পাসের বিনিময়ে বাস অপারেটাররা যাতে যতবার প্রয়োজন টোল ব্যবহার করতে পারেন, সেই ব্যবস্থা করতে হবে।

**********************

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ফি বৃদ্ধি সংক্রান্ত উপদেষ্টা কমিটির দ্রুত বৈঠক এবং তাতে কমিটির সদস্য ও উপাচার্যদের উপস্থিতির লিখিত আশ্বাসের দাবীতে বাম ছাত্র সংগঠন SFI, গত সন্ধ্যা থেকে উপাচার্যকে ঘেরাও করে রেখেছে।
দাবী না মানা পর্যন্ত এই কর্মসূচী চলবে বলে ছাত্র সংগঠন জানিয়েছে।

**********************

তিলজলায় বন্ধ ফ্ল্যাট থেকে এক তরুণীর ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। তার লিভ- ইন পার্টনারকে খুঁজছে পুলিশ। মিনা কোয়ার নামে বছর ২৫-এর ঐ তরুণী একটি পানশালায় কাজ করতেন। পরিচিতদের কাছ থেকে খবর পেয়ে গতকাল এই ফ্ল্যাটে গিয়ে তাঁর দেহ উদ্ধার করে পুলিশ। বাড়ির লোককে ঐ যুবকই, মিনা আত্মহত্যা করেছেন বলে খবর দেয়।
যদিও ওই যুবকের ফোন বন্ধ। ঘর থেকে কোন সুইসাইড নোট পাওয়া না গেলেও মিনার গলায় আঘাতের চিহ্ন রয়েছে।

**********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তার পার্শ্ববর্তী এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে।

আগামীকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। শনি এবং রবিবারও অনেক জায়গায় বৃষ্টি হবে।

আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে হুগলি, পূর্ব বর্ধমান এবং পশ্চিম মেদিনীপুর জেলায়। অন্যান্য জেলাতেও ভারি বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া ও মুর্শিদাবাদ জেলায় ভারি বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও চৌঠা আগস্ট পর্যন্ত ভারি বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, ঘূর্ণাবর্তের জেরে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার, কাকদ্বীপ, ক্যানিং ও বারুইপুর এলাকায় রাতভর ভারী বৃষ্টি হয়েছে। টানা বৃষ্টিতে বিভিন্ন নীচু এলাকা জলমগ্ন। এর ফলে, বৃষ্টির ঘাটতি কিছুটা কমবে বলে কৃষি দপ্তরের অনুমান।

**********************

ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে আজ ইস্টবেঙ্গল ক্লাব ভারত গৌরব সম্মান প্রদান করবে। ক্লাবের ১০৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে এই সম্মান সৌরভের হাতে তুলে দেওয়া হবে। ভারতের পেস বোলার মহম্মদ শামিকেও দেওয়া হবে বাংলার গৌরব সম্মান। দুই প্রাক্তন ফুটবলার রঞ্জিত মুখার্জী ও প্রশান্ত ব্যানার্জী পাচ্ছেন জীবনকৃতি পুরস্কার। বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হয়েছেন নন্দকুমার সেকার। উদীয়মান খেলোয়াড় হিসেবে প্রভু সুকন্ত সিং গিলকে পুরস্কার দেওয়া হবে। বছরের সেরা ক্রিকেটারের পুরস্কার পাচ্ছেন সাত্ত্বিক দত্ত। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস বহু বিশিষ্ট প্রাক্তন ও বর্তমান ক্রীড়াবিদরা এখানে উপস্থিত থাকবেন।

*****************************************************************